

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১১৭৭

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩২. সশব্দে 'বিসমিল্লাহির রহমানির রাহীমা পড়া সম্পর্কে বিভিন্ন রিওয়ায়াত

بَابُ ذِكْرِ اخْتِلَافِ الرِّوَايَةِ فِي الْجَهْرِ بِ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيم

আরবী

حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ يَحْيَى بْنِ عَيَّاشٍ الْقَطَّانُ ، ثَنَا عَلِيُّ بْنُ مُسْلِمٍ ، نَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى ، ثَنَا شُعْبَةُ ، وَهَمَّامُ بْنُ يَحْيَى ، عَنْ قَتَادَةَ ، عَنْ أَنَسِ بْنِ مَالِكِ ؛ أَنَّ رَسُولَ اللَّهِ _ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ وَأَبَا بَكْرٍ وَعُمَرَ _ رَضِيَ اللَّهُ عَنْهُمَا _ لَمْ يَكُونُوا يَجْهَرُونَ بِ (بِسْمِ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ وَأَبَا بَكْرٍ وَعُمَرَ _ رَضِيَ اللَّهُ عَنْهُمَا _ لَمْ يَكُونُوا يَجْهَرُونَ بِ (بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ)

وَرَوَاهُ يَزِيدُ بْنُ هَارُونَ ، وَيَحْيَى بْنُ سَعِيدِ الْقَطَّانُ ، وَالْحَسَنُ بْنُ مُوسَى الْأَشْيَبُ ، وَيَحْيَى بْنُ السَّكَنِ ، وَأَبُو عُمَرَ الْحَوْضِيُّ ، وَعَمْرُو بْنُ مَرْزُوقٍ ، وَغَيْرُهُمْ ، عَنْ شُعْبَةَ ، عَنْ قَتَادَةَ ، عَنْ أَلَسٍ ، بِغَيْرِ هَذَا اللَّفْظِ الَّذِي تَقَدَّمَ ، فَقَالُوا : " إِنَّ رَسُولَ اللَّهِ _ صَلَّى عَنْ قَتَادَةَ ، عَنْ أَنسٍ ، بِغَيْرِ هَذَا اللَّفْظِ الَّذِي تَقَدَّمَ ، فَقَالُوا : " إِنَّ رَسُولَ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ وَأَبًا بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ كَانُوا يَفْتَتِحُونَ الْقِرَاءَةَ ب وَأَبَا بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ كَانُوا يَفْتَتِحُونَ الْقِرَاءَةَ ب وَأَبَا بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ كَانُوا يَفْتَتِحُونَ الْقِرَاءَةَ ب وَالْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَلْمَ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ) . وَكَذَلِكَ رُويَ عَنِ الْأَعْمَشِ ، عَنْ شُعْبَةَ ، عَنْ قَتَادَةَ ، وَتَابِت ، عَنْ أَنسٍ . وَكَذَلِكَ رَوَاهُ عَامَّةُ أَصِحُابٍ قَتَادَةَ ، عَنْ قَتَادَةَ ، مِنْهُمْ : هِشَامٌ الدَّسْتَوَائِيُّ ، وَسَعِيدُ بْنُ أَلْسٍ . أَبِي عَرُوبَةَ ، وَأَبَانُ بُنُ يَزِيدَ الْعَطَّالُ ، وَحَمَّادُ بْنُ سَلَمَةَ ، وَحُمَيْدٌ الطَّويلُ ، وَأَيُوبُ أَلِي عَرُوبَةَ ، وَأَبَانُ بُنُ يُزِيدَ الْعُطَّالُ ، وَحَمَّادُ بْنُ سَلَمَةَ ، وَحُمَيْدٌ الطَّويلُ ، وَأَيُوبُ وَاعْبُ فَوْ الْمَحْفُوظُ عَنْ قَتَادَةَ وَغَيْرُهِ عَنْ أَنسٍ وَاخْتُلِفَ عَنْهُمَا فِي لَفْظِهِ ، وَهُوَ الْمَحْفُوظُ عَنْ قَتَادَةَ وَغَيْرِهِ عَنْ أَنسٍ

বাংলা

১১৭৭(৬). আল-হুসাইন ইবনে ইয়াহইয়া ইবনে আয়্যাশ (রহঃ) ... আনাস (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আবু বাকর (রাঃ) ও উমার (রাঃ) সশব্দে 'বিসমিল্লাহির রহমানির রাহীম' পড়তেন না।



এই হাদীস ইয়াযীদ ইবনে হারূন, ইয়াহইয়া ইবনে সাঈদ আল-কান্তান, আল-হাসান ইবনে মূসা আল-আশ্য়াব, ইয়াহইয়া ইবনুস সাকান, আবু উমার আল-হাওদী, আমর ইবনে মারযূক (রহঃ) প্রমুখ শো'বা (রহঃ)-কাতাদা-আনাস (রাঃ) সূত্রে উপরোল্লিখিত শব্দ ব্যতীত অন্য শব্দে বর্ণনা করেছেন। তারা বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম, আবু বাকর (রাঃ), উমার (রাঃ) ও উসমান (রাঃ) 'আলহামদু লিল্লাহি রব্বিল আলামীন'-এর মাধ্যুমে কিরাআত শুরু করতেন।

একইভাবে উক্ত হাদীস আল-আ'মাশ-শো'বা-কাতাদা-সাবেত-আনাস (রাঃ) সূত্রে পূর্বোক্ত হাদীসের অনুরূপ বর্ণিত হয়েছে। একইভাবে এই হাদীস কাতাদা (রহঃ)-এর অধিকাংশ ছাত্র কাতাদা (রহঃ) থেকে পূর্বোক্ত হাদীসের অনুরূপ বর্ণনা করেছেন। হিশাম আদ-দাসতাওয়াঈ, সাঈদ ইবনে আবু আরূবা, আবান ইবনে ইয়াযীদ আল-আতার, হাম্মাদ ইবনে সালামা, হুমায়েদ আত-তাবীল, আইউব আস-সাখতিয়ানী, আল-আওয়াঈ, সাঈদ ইবনে বাশীর (রহঃ) প্রমুখ তাদের অন্তর্ভুক্ত। একইভাবে এই হাদীস মামার ও হাম্মাম (রহঃ)-ও পূর্বোক্ত হাদীদের অনুরূপ বর্ণনা করেছেন। তবে তাদের উভয় থেকে এই হাদীসের বর্ণনায় মূল পাঠে মতানৈক্য হয়েছে। এই হাদীস কাতাদা (রহঃ) প্রমুখ আনাস (রাঃ) সূত্রে সংরক্ষিত।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন